স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার : ৩ কোর্স : ১

বাংলা প্রবন্ধ

পূর্ণমান : ৪০

সময় : ৩ ঘণ্টা

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক — ১

১। 'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' পুস্তিকাটি রচনার ইতিবৃত্ত বর্ণনা-সহ পুস্তিকাটির বৈশিষ্ট্য লেখো। ১০

২। "রঙ্গলালের 'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' সাহিত্য-পলেমিকের অতি উত্তম নমুনা।" মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

৩। 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র নব্য লেখকদের সাহিত্য রচনার সময় যে যে বিষয়গুলি সম্বন্ধে সচেতন থাকা উচিত বলে মনে করেছেন, সেগুলি সূত্রাকারে লেখো। ১০

একক — ২

৪। স্বামী বিবেকানন্দের 'প্রাচ্য ও পাশ্চাত্য' রচনায় তৎসম প্রধান সাধু-শব্দের প্রয়োগের পাশাপাশি মুখের বাংলা ভাষার প্রয়োগও চোখে পড়ে। এই বিমিশ্র ভাষাভঙ্গি এই রচনার ভাববস্তুর সঙ্গে কীভাবে সম্পর্কিত তা আলোচনা করো। ১০

৫। স্বামী বিবেকানন্দের 'প্রাচ্য ও পাশ্চাত্য' রচনাটিকে প্রাচ্য ও পাশ্চাত্য ভাবধারার সম্মিলন প্রয়াস বলা চলে কি না আলোচনা করো। ১০

৬। প্রমথ চৌধুরীর মতে ভারতচন্দ্রের কাব্যের মূল রস আদিরস নয় হাস্যরস। এই মতটির সারবত্তা বিচার করো। ১০

একক — ৩

৭। 'রসতত্ত্বের আলোচনায় Realism বা Idealism প্রভৃতির নামকরণের কোন সার্থকতা নাই — কোন কাব্যই একেবারে Real বা Ideal হইতে পারে না।' মোহিতলাল মজুমদারের 'সাহিত্য ও যুগধর্ম' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

৮। 'আমার বিশ্বাস জীবনের শ্রেষ্ঠ সময় যৌবন নয়' — 'উত্তরতিরিশ' প্রবন্ধে বুদ্ধদেব বসুর এই বিশেষ মনোভঙ্গি কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করো।' ১০

৯। 'রবীন্দ্রনাথের শেষজীবন'-এ বুদ্ধদেব বসু রবীন্দ্র-জীবনের শেষ পর্বকে কীভাবে উপস্থাপিত করেছেন লেখো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি): ২x৫=১০

(ক) হরচন্দ্র দত্ত

(খ) ইংরাজিপ্রিয় কৃতবিদ্যগণের বাঙ্গালা ভাষার গ্রন্থ বা সাময়িক পত্র সম্বন্ধে মনোভাব

(গ) গয়াসুর

(ঘ) 'শিক্ষিত লোক মাত্রেই স্বশিক্ষিত'

(ঙ) 'রবীন্দ্র-প্রতিভা তাহার কাঞ্চনজঙ্ঘা'

(চ) 'তাঁর মহত্ত্ব তাঁর সমগ্রতায়'

—

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

**সেমেস্টার: ৩ কোর্স: ২**

**রবীন্দ্রনাথ (কাব্য, নাটক, প্রবন্ধ)**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। "জুতা-আবিষ্কার" কি কেবলই একটি কৌতুক-কবিতা, নাকি এর অবয়বে প্রচ্ছন্ন হয়ে আছে কতিপয় মানব-চরিত্রের তীব্র সমালোচনা ? আলোচনা করো । ১০

২। রবীন্দ্রনাথের "'বলাকা' কাব্যে 'গতি'র বিচিত্র বিভঙ্গ লক্ষ করা যায়। শুধুই যে তা 'অকারণ অবারণ চলা'— এমন নয়।" মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

৩। 'যেখানে ভাষার গান আর যেখানে ভাষার গৃহস্থালি'— কোপাই নদীর সঙ্গে কবির ছন্দের মিল নিয়ে কবির এই কথা 'কোপাই' কবিতায় কীভাবে ব্যক্ত হয়েছে তা আলোচনা করো। ১০

একক-২

৪। 'রক্তকরবী' নাটকে যক্ষপুরীর যে ভৌগোলিক বিবরণ রয়েছে তার পরিচয় দাও। যক্ষপুরীর এই ভৌগোলিক বিবরণ খোদাইকরদের ফেলে আসা গ্রামের ভৌগোলিকতার বিবরণের চাইতে কী অর্থে ভিন্ন আলোচনা করো। ১০

৫। "রক্তকরবী' 'বিপ্লব'-এর নাটক অথচ তার মধ্যে রবীন্দ্রনাথ বুনে দিয়েছেন প্রেমের উপাখ্যান। বিপ্লবের নাটকে প্রেমের কাহিনির অবতারণার তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৬। 'রক্তকরবী' নাটকের রাজার মধ্যে রাবণ ও বিভীষণ এই দুই চরিত্রের দ্বন্দ্ব কী অর্থে ক্রিয়াশীল বিশ্লেষণ করো। ১০

একক-৩

৭। 'নবীন বঙ্গসাহিত্যের মধ্যে সকল বিষয়েই আদর্শ স্থাপন করিয়া যাওয়া তাঁহার উদ্দেশ্য ছিল।'। 'বঙ্কিমচন্দ্র' প্রবন্ধ অবলম্বনে উদাহরণ দিয়ে দেখাও এটি কীভাবে সম্ভব হয়েছিল। ১০

৮। "'সারদামঙ্গল' এক অপরূপ কাব্য।" রবীন্দ্রনাথ 'বিহারীলাল' প্রবন্ধে কীভাবে এই কাব্যের অপরূপ দিকগুলি বিচার ও ব্যাখ্যা করেছেন তা আলোচনা করো। ১০

৯। 'কালান্তর' প্রবন্ধে লেখকের বক্তব্যের নির্যাস নিজের ভাষায় লেখো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) ২X৫=১০

(ক) "এখনি, অন্ধ, বন্ধ কোরো না পাখা।" (খ) 'কবির অন্তরে তুমি কবি' (গ) 'নেড়ি কুকুরের ট্র্যাজেডি' (ঘ) 'রক্তকরবী' নাটকে 'বাসা' ও 'বাড়ি' (ঙ) 'বঙ্কিম সর্বপ্রথমে হাস্যরসকে সাহিত্যের উচ্চশ্রেণীতে উন্নীত করেন।' (চ) 'সভ্যতার সংকট'।

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার: ৩ কোর্স: ৩

রবীন্দ্রনাথ (উপন্যাস, ছোটোগল্প, চিঠিপত্র)

সময়: তিন ঘন্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত।

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রত্যেক একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক – ১

১) উপন্যাসের শেষে গোরা পরেশবাবুকে বলে: "বাস্তব ভারতবর্ষের প্রতি সত্যদৃষ্টি মেলে তার সেবা করতে গিয়ে আমি বার বার ভয়ে ফিরে এসেছি--আমি একটি নিষ্কন্টক নির্বিকার ভাবের ভারতবর্ষ গড়ে তুলে সেই অভেদ্য দুর্গের মধ্যে আমার ভক্তিকে সম্পূর্ণ নিরাপদে রক্ষা করবার জন্যে এতদিন আমার চারি দিকের সঙ্গে কী লড়াই না করেছি!" – 'গোরা' উপন্যাস অবলম্বনে গোরার এই লড়াই-এর প্রকৃতিটা বিশ্লেষণ করো। ১০

২) 'গোরা' উপন্যাসের ৫৫ সংখ্যক পরিচ্ছেদে বিনয় ভাবে – "গোরা বুঝিবে না, বুঝাইবে না, কেবলই জোর করিবে। "জোর"! জোরের কাছে মাথা হেঁট করিতে পারিব না।" – এই ভাবনাটি ব্যাখ্যা করে গোরার জোরের স্বরূপ এবং বিনয় কীভাবে তা অতিক্রম করে নিজের স্বাতন্ত্র্যকে এই উপন্যাসে সাব্যস্ত করছে, আলোচনা করো। ১০

৩) নানাবিধ তর্কবিতর্কের কারণে 'গোরা' উপন্যাসটির বিষয়বস্তুটি অত্যন্ত গুরুগম্ভীর। তা সত্ত্বেও হারানবাবু, মহিম, কৈলাস, সতীশ প্রভৃতি নানাচরিত্র এই উপন্যাসে একটা হাস্যরসের ধারা আগাগোড়া বয়ে নিয়ে চলেছে। উপন্যাসের কাহিনি আলোচনার সূত্রে এই হাস্যরস পরিবেশনে রবীন্দ্রনাথ কতটা কৃতকার্য হয়েছিলেন এবং উপন্যাসে তার প্রাসঙ্গিকতা কতটুকু আলোচনা করো। ১০

একক – ২

৪) "পরিবেশ-চেতনার ক্রমবিস্তার, সাহিত্য-রচনা ও আলোচনার বহু বিচিত্র যে আয়োজন, তার সঙ্গে রবীন্দ্রনাথের পরিচয় ছিল না। কেননা অনেক আগেই তিনি প্রয়াত হয়েছেন। কিন্তু তাঁর 'বলাই' গল্পের গভীর অনুধাবনে লক্ষিত হয় বর্তমান সময়ের পরিবেশভিত্তিক সাহিত্য-চেতনা।"—আলোচনা করো। ১০

৫) "হৈমন্তী গল্পে হৈমন্তীর ব্যর্থতাকে উপলক্ষ্য করে কথকের অনুভবটাই লক্ষ্য রূপে প্রতীয়মান — তার অনুভব থেকেই পাঠকের প্রতীতির উদ্ভাসন।"—আলোচনা করো। ১০

৬) বিশেষ দুটি রবীন্দ্র-গল্পের কিরণলেখা (হালদারগোষ্ঠী) ও বড়ো জা (স্ত্রীর পত্র)- কে নিয়ে যে সাবেকালের পুরুষতান্ত্রিক সমাজ-পরিবেশ প্রকাশিত হয়েছে তার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

একক -৩

৭) 'জাভা-যাত্রীর পত্র'—এই নামকরণটি কতটা সংগত বলে তুমি মনে কর, তা আলোচনা করে দেখাও। ১০

৮) প্রাচ্য ও পাশ্চাত্যের সংস্কৃতি ও ইতিহাসের ভিন্নমুখিনতা 'জাভা-যাত্রীর পত্র'-এর প্রথম লেখায় যেভাবে এসেছে তা ব্যাখ্যা করো। ১০

৯) অমিয় চক্রবর্তীকে লেখা বিভিন্ন চিঠিতে বিশ্বভারতীর সমকালীন অবস্থা ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে যা জানা যায় আলোচনা করো। ১০

টীকা লেখো (যে-কোনো দুটি) ২ x ৫ = ১০

ক) পরেশবাবুর ঘরের বর্ণনা

খ) আনন্দময়ীর সেলাই

গ) 'আমি লিখিয়া থাকি অথচ লোকরঞ্জন আমার কলমের ধর্ম নয়।'

ঘ) 'কেহ নাই, তাহার কেহ নাই এবং তাহার কিছুই নাই।'

ঙ) বোরোবুদুর

চ) 'আধুনিক ইংরাজি কাব্যসাহিত্যে আমার প্রবেশাধিকার অত্যন্ত বাধাগ্রস্ত।'

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার : ৩ কোর্স : ৪

সাহিত্যতত্ত্ব, সাহিত্য আন্দোলন ও সমালোচনা পদ্ধতি

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। পাঁচজন প্রধান ভারতীয় আলংকারিক ও তাঁদের অলংকারশাস্ত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

২। ধ্বন্যালোক অনুসরণে ধ্বনি ও ধ্বনির শ্রেণিবিভাগ সম্পর্কে উদাহরণযোগে আলোচনা করো। ১০

৩। ট্র্যাজেডির নায়ক সম্পর্কে অ্যারিস্টটল যা বলেছেন, তা বিশদে বিশ্লেষণ করো। ১০

একক - ২

৪। অশ্লীলতা বিতর্কে কোন পটভূমিকায় রবীন্দ্রনাথ অংশগ্রহণ করেন? এ বিষয়ে তাঁর প্রথম প্রতিক্রিয়া কোন রচনায় পাওয়া যাবে? উক্ত রচনার বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। ৩+১+৬=১০

৫। অশ্লীলতার আলোচনায় রবীন্দ্রনাথ কীভাবে সাহিত্যের বিষয় ও উপকরণের পাশাপাশি সাহিত্যের রূপ বা আঙ্গিককে গুরুত্বপূর্ণ প্রসঙ্গ হিসেবে তুলে ধরেছেন, আলোচনা করো। ১০

৬। "আধুনিক কাব্য" নিবন্ধে রবীন্দ্রনাথ সময় ও মর্জির যে ফারাক করতে চেয়েছেন, আধুনিকতার আলোচনায় তার গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ১০

একক - ৩

৭। পাশ্চাত্যে বাস্তববাদী সাহিত্য আন্দোলনের উদ্ভব ও বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। এই আন্দোলনের সঙ্গে যুক্ত কয়েকজন উল্লেখযোগ্য সাহিত্যিকের নাম ও তাঁদের রচনার পরিচয় দাও। ৩ + ৩ + ৪ = ১০

৮। সমাজতান্ত্রিক বাস্তবতার উদ্ভাবন, বৈশিষ্ট্য ও এর তাত্ত্বিক দিক নিয়ে সংক্ষেপে আলোচনা করো। রাশিয়া ও ভারতবর্ষের কয়েকজন সোশ্যালিস্ট রিয়ালিস্ট লেখকের রচনার উল্লেখ করো যা এই দৃষ্টিভঙ্গিতে লেখা। ৭+৩ = ১০

৯। 'জীবনীমূলক সমালোচনা পদ্ধতি' বলতে কী বোঝ? এই সমালোচনা পদ্ধতির পক্ষে ও বিপক্ষে কী কী বক্তব্য উপস্থাপন করা যায়? সাহিত্যপাঠে এই সমালোচনা পদ্ধতির গুরুত্ব উদাহরণসহ আলোচনা করো। ২+৩+৫=১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) : ২x ৫= ১০

ক) স্থায়ীভাব ও সঞ্চারীভাব

খ) বিপ্রতীপতা

গ) 'সাহিত্যধর্মের সীমানা'

ঘ) 'বিষয়ীর আত্মতা' ও 'বিষয়ের আত্মতা'

ঙ) সাহিত্যে আধুনিকতা আন্দোলন গড়ে ওঠার কারণ

চ) মার্কসবাদী সাহিত্য সমালোচনার পাঁচটি বৈশিষ্ট্য